দৈনিক ইত্তেফাক

MAR. 30 200

2 ... 6

# মাগুরায় পরীক্ষার হল সুপারসহ দু'জনের হাত পা ভেঙ্গে দিয়েছে সন্ত্রাসীরা

মাগুরা সংবাদদাতা ॥ বৃহস্পতিবার রাতে মাগুরা সদর উপজেলার কুচিয়ামোড়া গ্রামে ফটকি নদীর উপর ব্রিজে বাইসাইকেলযোগে বাড়ী ফেরার পথে ৪০/৪২ জনের একটি সশস্ত্র সন্ত্রাসী দল চলতি এসএসসি পরীক্ষার হল সুপার বিষ্ণুপদ রায় ও তার সঙ্গী সুধাংশু চৌধুরীর উপর হামলা করে তাদের হাত-পা ভেঙ্গে দিয়েছে। উভয়েই মাগুরা সদর

(২য় পৃষ্ঠায় ১-এর কঃ দ্রঃ)

## মাগুরায় পরীক্ষার

(প্রথম পৃষ্ঠার পর)

হাসপাতালে ভর্তি। বিষ্ণুপদ এএসসি পরীক্ষার খাতা যশোর বোর্ডে জমা দিয়ে বাড়ী ফিরছিলেন।

তিনি বুনাগাতি এএসসি পরীক্ষা কেন্দ্রের হল সুপার এবং রামানন্দকাঠি হাইস্কুলের প্রধান শিক্ষক। তিনি জানান, সন্ত্রাসীরা তার কাছে চাঁদা চেয়ে ব্যর্থ হয়।